# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৭৭]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৭৪ : কোন মুসলিমের দুঃখ-কষ্ট দেখে আনন্দ প্রকাশ করা নিষেধ

(274) بَابُ النَّهْيِ عَنْ إِظْهَارِ الشَّمَاتَةِ بِالْمُسْلِمِ

আরবী

وَعَنْ وَاثِلَةَ بْنِ الأسْقَعِ رضي الله عنه قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم : «لَا تُظْهِرِ الشَّمَاتَةَ لِأَخِيْكَ فَيَرْحَمْهُ اللهُ وَيَبْتَلِيْكَ» رواه الترمذي وقال : حديث حسنٌ .

বাংলা

আল্লাহ বলেছেন,

﴿ إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ﴾ [الحجرات: ١٠]

অর্থাৎ সকল ঈমানদার তো পরস্পর ভাই ভাই। (সূরা হুজুরাত ১০ আয়াত)

অন্যত্র তিনি বলেন,

إِنَّ ٱلَّذِينَ يُحِبُّونَ أَن تَشِيعَ ٱلْفَاحِشَةُ فِي ٱلَّذِينَ آمَنُواْ لَهُمْ عَذَابٌ أَلِيمٌ فِي ٱلدُّنْيَا وَٱلآخِرَةِ وَٱللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لاَ تَعْلَمُونَ

অর্থাৎ যারা ঈমানদারদের মধ্যে অশ্লীলতার প্রসার কামনা করে তাদের জন্য আছে ইহলোকে ও পরলোকে মর্মন্তুদ শাস্তি। আর আল্লাহ জানেন, তোমরা জান না। (সূরা নূর ১৯ আয়াত)

---

১/১৫৮৫। ওয়াসিলাহ্ ইবনুল আসক্বা’ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: তোমার ভাইয়ের বিপদে আনন্দিত হয়ো না। কেননা এতে আল্লাহ তার প্রতি করুণা করবেন এবং ঐ তোমাকে বিপদে নিমজ্জিত করবেন। (তিরমিযী হাদিসটিকে হাসান বলেছেন)[1]

এ বিষয়ে পূর্বোক্ত ’অপরের গোপনীয় দোষ সন্ধান’ নামক পরিচ্ছেদে আবূ হুরাইরা কর্তৃক বর্ণিত [১৫৭৮নং] হাদিস বিদ্যমান। যাতে আছে, ’’প্রত্যেক মুসলিমের রক্ত, সম্ভ্রম ও সম্পদ অপর মুসলিমের উপর হারাম।’’ ---আল

হাদিস।

## English

(274) Chapter: Prohibition of Rejoicing over another's Trouble

Allah, the Exalted, says:
"The believers are nothing else than brothers (in Islamic religion).'' (49:10)

"Verily, those who like that (the crime of) illegal sexual intercourse should be propagated among those who believe, they will have a painful torment in this world and in the Hereafter.'' (24:19)

Wathilah bin Al-Asqa' (May Allah be pleased with him) said:
The Messenger of Allah (ﷺ) said, "Do not express pleasure at the misfortune of a (Muslim) brother lest Allah should bestow mercy upon him and make you suffer from a misfortune."

[At- Tirmidhi].

Commentary: A true believer is one who feels unhappy to see Muslims suffering, and rejoices on the happiness of his other fellows in Faith. It is contrary to the conduct of a true believer to rejoice over the trouble of another Muslim as this attitude is very much disliked by Allah. There is every possibility that Allah may punish such a person in this world and relieve the one who is in trouble. See also Hadith No. 1571.

ফুটনোট

[1] আমি [আলবানী) বলছিঃ হাদীসটিকে হাসান আখ্যা দেয়ার ব্যাপারে বিরূপ মন্তব্য রয়েছে। কারণ এটি মাকহূলের আন্ আন্ করে বর্ণনাকৃত।

ইমাম বুখারী বলেন : মাকহূল সাহাবী ওয়াসিলাহ্ [রাযি.) হতে শ্রবণ করেননি। আবূ হাতিম রাযীও ইমাম বুখারীর সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছেন। বিস্তারিত জানার জন্য দেখুন ‘‘য‘ইফাহ্’’ [৫৪২৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ ওয়াসিলাহ ইবনু আসকা‘ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=28016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন